সংবাদ

তারিখ ... 06 FEB 2008
পৃষ্ঠা 2 কলাম 9

২৪

### অভিভাবক ফোরামের সমাবেশে বক্তারা

# এসএসসি পরীক্ষায় কাঠামোবদ্ধ প্রশ্নপত্র চালু হবে আত্মঘাতী সিদ্ধান্ত

নিজস্ব বার্তা পরিবেশক

২০১০ সালে এসএসসি পরীক্ষায় অন্তর্ভুক্ত কাঠামোবদ্ধ প্রশ্ন পদ্ধতি চালু করা একটি আত্মঘাতী সিদ্ধান্ত হবে। মাধ্যমিক শিক্ষাবোর্ডের ২০১০ সালের এসএসসি পরীক্ষায় কাঠামোবদ্ধ পদ্ধতিতে প্রশ্ন করার প্রতিবাদে গতকাল মঙ্গলবার সকাল সাড়ে ১০টায় মতিঝিল আইডিয়াল স্কুলের সামনের সড়কদ্বীপে এক মানববন্ধন কর্মসূচি শেষে, সংক্ষিপ্ত প্রতিবাদ সমাবেশে অভিভাবক ফোরামের নেতারা এ মন্তব্য করেন।

মানববন্ধন কর্মসূচি শেষে সংক্ষিপ্ত সমাবেশে অভিভাবক ফোরামের সভাপতি এডভোকেট আবেদ রাজা বলেন, ২০১০ সালে এসএসসি পরীক্ষায় কাঠামোবদ্ধ পদ্ধতিতে প্রশ্নপত্র তৈরি করলে দেশের ভবিষ্যৎ প্রজন্ম মেধাশূন্য হয়ে পড়বে। দেশের শিক্ষার সঙ্গে নিয়োজিত নীতিনির্ধারকদের বিদেশী পরামর্শদাতাদের উদ্ভট চিন্তায় গা ভাসিয়ে দিয়েছেন বলে মন্তব্য করেন তিনি। এ পদ্ধতি চালুর আগে সনাতন পদ্ধতির পুস্তক বাদ দিয়ে প্রতিটি অধ্যায়ে কাঠামোবদ্ধ প্রশ্নপত্রের নমুনা সংযোজন করা এবং প্রতিটি স্কুলের শিক্ষকদের এ পদ্ধতির পূর্ণাঙ্গ প্রশিক্ষণ দিয়েই শুধু এ পদ্ধতি চালু করার আহ্বান জানান তিনি।